মুজিবনগরে মাদক ব্যবসায়ী সহ সি-আর ওয়ারেন্ট ভুক্ত আসামী গ্রেপ্তার

মেহেরপুর জেলা পুলিশের অভিযানের অংশ হিসাবে ১৫০ গ্রাম গাঁজাসহ ৩ মাদক ব্যবসায়ী এবং সিআর ওয়ারেন্ট ভূক্ত ২ জন মহিলাসহ ৬ জন পলাতক আসামীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।মুজিবনগর থানা ইনচার্য (ওসি)আব্দুল হাশেম জানান রবিবার দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে উপজেলার কোমরপুর গ্রামের সোনা গাইন এর ইটভাটায় মাদক বিক্রিকরার উদেশ্যে কয়েকজন মাদক ব্যাবসায়ী অবস্হান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম এর সার্বিক দিক নির্দেশনায় আমার নেতৃত্বে কোমরপুর পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) মেজবাহুর রহমান, এএসআই(নিঃ) রফিকুল ইসলাম, এটিএসআই আসাদুজ্জামান ও সংগীয় ফোর্সসহ ক্যাম্প এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে কোমরপুর গ্রামের সোনা গাইন এর ইটভাটার পার্শে থেকে মাদক ব্যবসায়ী কোমরপুর গ্রামের মিয়ারুল মন্ডল এর ছেলে মোস্তাফিজুর রহমান(৩০), কুদ্দুস এর ছেলে ফেরদৌস (২৮) এবং সিরাজুল ইসলাম এর ছেলে সোনামিয়া (৩০) কে ১৫০ গ্রাম গাঁজা ও একটি মোটর সাইকেলসহ আটক করা হয়। সোমবার আসামীদের বিরুদ্ধে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।তিনি আরো জানান এ সময় সারা রাত ব্যাপি অভিযান পরিচালনা করে বিভিন্ন মামলার সিআর ওয়ারেন্ট ভুক্ত ২ জন মহিলা সহ ৬ জন পলাতক আসামীকে আটক করা হয়।মুজিবনগর থানা ইনচার্য (ওসি)আব্দুল হাশেম মাদক, জুয়া, জঙ্গী ও সন্ত্রাসীদের সম্পর্কে থানা পুলিশকে সঠিক তথ্য দিয়ে এবং অপরাধ মুক্ত সমাজ গঠনে সহযোগীতা করার জন্য উপজেলার সচেতন নাগরিকদের প্রতি আহবান জানান। তথ্য দাতার পরিচয় গোপন রাখা হবে বলে তিনি নিশ্চয়তা প্রদান করেন।

মেহেরপুরে আবারো ফসল কেটে তছরুপ

মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গুচ্ছগ্রাম মাঠে কপির চারা ও কলাগাছ কেটে তছরুপ করার পাশাপাশি শ্যালো মেশিন তুলে নিয়ে গেছে দুর্বৃত্তরা।

রবিবার দিবাগত রাতে রাজাপুর গুচ্ছগ্রাম মাঠে এ ঘটনা ঘটে। জানা গেছে উপজেলার বন্দর গ্রামের সোহরাব হোসেনের ছেলে শিপন আলী গুচ্ছগ্রামের ভনা নামের এক ব্যক্তির নিকট থেকে আড়াই লক্ষ টাকায় ৩ বছরের চুক্তিতে জমি লীজ নিয়ে চাষ করে আসছিল।

চুক্তি অনুযায়ী চলতি মৌসুমে তার জমির মেয়াদ শেষ হবার কথা। এর আগে ওই জমিতে কপি লাগানোর জন্য কপির বীজ বপন করে। মঙ্গলবার ওই চারা তুলে জমিতে লাগানোর কথা ছিল,কিন্ত তার আগেই দুর্বৃত্তরা রাতের আধারে অভিযান চালিয়ে কয়েক হাজার চারা কেটে তছরুপ করে ফেলে রেখে গেছে। একই সাথে তার পাশে লাগানো কিছু কলাগাছ কেটে ফেলে এবং একটি শ্যালো মেশিন নিয়ে যায়।

সোমবার সকালে শিপন জমিতে এসে কপির চারার এই দৃশ্য দেখে। শিপন বলেন, রাজাপুরের কালু নামের এক ব্যক্তির সাথে তার বিরোধ চলছিল। কালু বিভিন্ন সময় হুমকি দিত। তিনি আরও বলেন আগামীকাল এ চারা লাগানোর কথা ছিল তার আগেই সমস্ত কপির চারা কেটে তসরুপ করেছে। এতে প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। এবিষয়ে মামলার প্রস্তুতি চলছে।

প্রণোদনা পেয়েছেন দর্শক, শিল্পকলার কর্মচারীর

[redacted]!

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রুনা খাতুনকে ফোন করলে একজন পুরুষ ধরে বলে আপনি যে নাম্বারে ফোন দিয়েছেন সেটা ভুল নাম্বার। শিল্পকলার প্রণোদনার লিষ্টে আপনার নাম্বার কেন জানতে চাইলে তিনি ফোন কেটে দেন।

শ্যামল আলী বলেন, আমি মেহেরপুর শিল্পকলায় সঙ্গীত পরিবেশন করি। আমি যাদুবপুর রোডের ভৈরব সংস্থার দলে গান গাই।

কানন বালা যে মোবাইল নাম্বার দিয়ে শিল্পকলা থেকে আর্থিক অনুদান পেয়েছেন সে নাম্বারে কল দেওয়া হলে কানন বালার বোনের ছেলে শ্যামল ভট্টাচার্য্য কলটি ধরেন। এর পর শ্যামল ভট্টাচার্য্য কাছ থেকে কানন বালার ছেলের নাম্বার নিয়ে কল দেওয়া হলে সেটি আবার জয়া দত্তর নাম্বারের সাথে মিলে যায়। ঘটনা সুত্রে জানা যায় যে কানন বালারা আপন জা জয়া দত্ত যে শিল্পকলা থেকে আর্থিক অনুদান পেয়েছে।

কানন বালার এক প্রতিবেশী বলেন আমার বয়স ৪০ বছর আমি জীবনে কোনো দিন উনাকে যাত্রা করতে দেখি নি তবে কানন বালার ছেলে বিভিন্ন নেতাদের সাথে উঠ-বোস করেন সেই তার মায়ের নাম দিয়ে দিচ্ছে তাই হয়ে যাচ্ছে।
এ সময় জয়া দত্তর ব্যাপারে জানতে চাইলে বলেন জয়া দত্ত প্রাচীন শিল্পী এর আগে সে গান করতো কিন্তু বর্তমানে এখন আর সে গান করে না। জয়া দত্তের কোনো ছেলে মেয়ে নাই সেই জন্য কানন বালার ছেলে বিদ্যুৎতের মোবাইল নাম্বার দেওয়া আছে।

মৃত্তিকা গ্রুপ থিয়েটারের সভাপতি মানিক হোসেন জানান, দুই দফায় তার সংগঠনের দুই জন প্রণোদনা পেয়েছেন। তবে শিল্প সাংস্কৃতির সাথে জড়িত না এমন কেউ প্রণোদনা পেয়েছেন কিনা তার জানা নেই।

অরণী থিয়েটারের সভাপতি নিশান সাবের বলেন,শিল্প সাংস্কৃতির সাথে জড়িত না এমন অনেকে প্রণোদনা পেয়েছেন। যা অনুচিত হয়েছে। তাঁতীপাড়া আব্দুল আজিজ শুধুমাত্র একজন দর্শক। এছাড়া তাকে কখনো শিল্পি হিসেবে দেখিনি। এরকম অনেকেই প্রণোদনা পেয়েছেন শুনেছি। আমরা সাংস্কৃতিক কর্মকাণ্ডের দির্ঘ সময়ে তাদের কাউকে এ অঙ্গনে দেখিনি, এমনকি আমি চিনিও না।

জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান বলেন, প্রণোদনার টাকা একেক জনের একেক রকম আছে, বিভিন্ন জনের বিভিন্ন রকম আছে। করোনাকালীন সময়ে দেওয়া হয়েছিল ৫ হাজার করে। প্রথমবার নাম চাওয়ার পর শিল্পীদের নাম পাঠানো হলে ৫ হাজার টাকা করে দেওয়া হয়। পরবর্তীতে তাদেরকে আবার ৫ হাজার করে মোট ১০ হাজার দেওয়া হয়।

সুমন পারভেজ, শরিফুল ইসলাম শিল্পকলার কর্মচারী তারা কিভাবে প্রণোদনার পেয়েছে জানতে চাইলে তিনি বলেন লাইট অপারেটর, সাউন্ড অপারেটর এরা সবাই শিল্পী। প্রণোদনার তালিকায় নাট্যশিল্পী লেখা আছে মানে ওরা নাটকও করে, আমরা ওদের নাটকও করায়। নাটকে যারা লাইটিং করছে,সাউন্ড করছে, ব্যাকগ্রাউন্ডে যারা আছে তাদেরও নাট্যশিল্পী বলা যাবে। যে চেয়ার টানছে মঞ্চে তাকেও নাট্যশিল্পী বলা যাবে। নাট্যশিল্পী বলতে বহু ধরনের ক্যাটাগরি আছে।

মেহেরপুরে হেরোইনসহ আটক-১

মেহেরপুর পৌর শহরের চুলকানির মোড়ে অভিযান চালিয়ে হেরোইন ও হেরোইন বিক্রির টাকাসহ আজিজুল ইসলাম ওরফে রুমি (৪২) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল রবিবার সন্ধ্যায় শহরের নতুনপাড়ার চুলকানির মোড় এলাকা থেকে তাকে আটক করা হয়। আজিজুল ইসলাম ওরফে রুমি পৌর শহরের শিশুতলা পাড়ার রমজান আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে শহরের চুলকানির মোড় এলাকায় হেরোইন বিক্রির উদেশ্যে রুমি অবস্থান করছে এমন খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডু নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়।

এসময় আজিজুল ইসলাম ওরফে রুমিকে আটক করার পর তার কাছ থেকে ২ গ্রাম হেরোইন ও হেরোইন বিক্রির ৭’শ টাকা উদ্ধার করা হয়।

এ ঘটনায় তার বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন। তার বিরুদ্ধে আরও দুটি মাদকের মামলা বিচারাধীন আছে।

মেহেরপুরে ১৪ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৬ জন, গাংনী ৬ জন, মুজিবনগর ২ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১১৩ টি। তারমধ্যে ১৪ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৭৩ জন। তার মধ্যে সদরে ২৩ জন, গাংনীতে ১০৭ জন এবং মুজিবনগরে ৪৩ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৫ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

দামুড়হুদায় ১২কেজি ভারতীয় রুপার গহনাসহ আটক-১

দামুড়হুদায় ১২ কেজি রুপার গহনাসহ নাজমুল হক কে (১৯) আটক করেছে বিজিবি। রোববার সকাল ৭টার দিকে উপজেলার সীমান্তবর্তী ছয় ঘরিয়া গ্রামের সড়কের উপর থেকে এই রুপার গহনা ও একটি মোটরসাইকেল সহ তাকে আটক করা হয়। আটককৃত নাজমুল হক উপজেলার সীমান্তবর্তী নাস্তিপুর গ্রামের মৃত আক্তারুল ইসলামের ছেলে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান আজ বিকাল সাড়ে ৪টার দিকে প্রেসবিজ্ঞতিতে জানান, ভারত থেকে রুপার একটি বড় চালান আসছে এমন গোপন সংবাদের ভিতিত্বে উপজেলার বড়বলদিয়া বিওপির কমান্ডার নায়েব সুবেদার মোস্তাফিজুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে ছয় ঘরিয়া গ্রামের সড়কের ধারে ওত পেতে থাকে।

এমন সময় সকাল ৭টার দিকে একটি মোটরসাইকেলে ৩জনকে আসতে দেখে তাদের গতিরোধ করে।এসময় বিজিবির উপস্থিতি টের পেয়ে মোটরসাইকেলে থাকা তার ২জন সহযোগি পালিয়ে গেলেও নাজমুল হক কে মোটরসাইকেল সহ আটক করা হয়। পরে তার কাছে থাকা একটি ব্যগ তল্লাশি করে ১২ কেজি (১০২৮.৮০ ভরি) ওজনের ভারতীয় রুপার গহনা উদ্ধার করে। উদ্ধারকৃত রুপার গহনার মূল্য ষোল লক্ষ ছাপান্ন হাজার দুইশত নয় টাকা। আসামীসহ আটককৃত চোরাচালানী মালামাল দর্শনা থানায় হস্তান্তর করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে স্বামী পরিত্যক্তা নারী মরাদেহ উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা ৩ নং তাহেরহুদা ইউনিয়ন ৭ নং ওয়ার্ডের ধুলিয়া গাংপাড়া গ্রামের নিজ বাড়ি থেকে এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রবিবার দুপুরে ফরিদা খাতুন(৫৬) পিতা মরহুম মুরাদ মন্ডলের মেয়ে। পুলিশ সংবাদ পেয়ে দ্রুত ঘটনা স্থলে গিয়ে লাশ উদ্ধার করেন। এই রহস্যজনক মৃত্যু নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্যকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

এ ব্যাপারে ভবানীপুর পুলিশ ক্যাম্পের এস আই বাবলু মিয়া জানান ময়না তদন্ত ছাড়া কিছু বলা যাচ্ছে না মৃত্যু স্বাভাবিক না হত্যা ।

জীবননগরে ড্রাগ লাইসেন্স না

থাকায় ৬টি ফার্মেসীতে জরিমানা

জীবননগরে ড্রাগ লাইসেন্স না থাকায় মোবাইল কোর্টের মাধ্যমে ৬টি ঔষধ ফার্মেসীর মালিককে ২৭হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে।

রবিবার দুপুর ১টার সময় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম জীবননগর হাসপাতাল গেটের সামনে এ অভিযান পরিচালনা করেন ।এ সময় জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের সামনে অবস্থিত ফার্মেসীসহ জীবননগর শহরের বিভিন্ন দোকানে ঢুকে মেয়াদ উর্ত্তীন ঔষধ চেক করেন,এবং দোকানের ট্রেড লাইসেন্স ও ড্রাগ লাইসেন্স দেখেন যাদের ট্রেড লাইসেন্স এবং ড্রাগ লাইসেন্স নেই তাদেরকে এ জরিমানা প্রদান করেন।

মোবাইল কোর্ট পরিচালনার সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভ’মি) মোঃ মহিউদ্দিন,চুয়াডাঙ্গা ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে ইলেকট্রনিক্স মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে বদিউজ্জামান ঠান্ডু (৩৮) নামে এক ইলেকট্রনিক্স মিস্ত্রির মৃত্যু হয়েছে। রবিবার সন্ধায় উপজেলার বলুহর ইউনিয়নের কাগমারী গ্রামে এ দূর্ঘটনা ঘটে।

মৃত ঠান্ডু একই গ্রামের মাঠপাড়ার বদর উদ্দীনের ছেলে। মৃতের পরিবার সূত্রে জানাযায়, রবিবার সন্ধায় ইলেকট্রনিক্স মিস্ত্রি বদিউজ্জামান ঠান্ডু একই গ্রামের মৃত আফসার ধাবকের ছেলে শাহাবুরের বাড়িতে ইলেট্রিকের কাজ করছিল।

এসময় সে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্টে গুরতর আহত হয়। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস কর্মীরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত

ঘোষনা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেহেরপুর জেলা জাসদের সাধারণ সম্পাদককে জাতীয় যুব জোটের ফুলের শুভেচ্ছা

মেহেরপুর জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু কে ফুলের শুভেচ্ছা জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের যুব সংগঠন জাতীয় যুব জোট মেহেরপুর শাখার নেতৃবৃন্দরা। রবিবার দুপুরে একান্ত স্বাক্ষাতে ফুলের শুভেচ্ছা বিনিময় করেন

জাতীয় যুব জোট মেহেরপুর শাখার নেতা নুরু-উছ-সাফা প্লাবন ও সিরাজুদ্দোজা পাভেল।

এসময় জাতীয় যুব জোট নেতা ও নবগঠিত বারাদি ইউনিয়নের জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী নুরু-উছ-সাফা প্লাবন বলেন, যুবরা লড়বে নতুন পৃথিবী গড়বে। সকল অন্যায়, দূর্নীতি, লুটপাটের বিরুদ্ধে জেলার সর্বস্তরের যুব সমাজকে একসাথে কাজ করার আহবান জানান।